

# মসুরের স্টেমফাইলিয়াম ব্লাইট রোগ

## রোগ পরিচিতি:

বাংলাদেশে ডাল ফসলের এলাকা ও উৎপাদনের দিক থেকে মসুরের স্থান তৃতীয়। মসুরের বিভিন্ন রোগের মধ্যে স্টেমফাইলিয়াম ব্লাইট সবচেয়ে বেশী ক্ষতি করে থাকে। এটি একটি ছত্রাক জনিত রোগ। বীজ বিকল্প পোষক, বায়ু প্রভৃতির মাধ্যমে এ রোগ বিস্তার লাভ করে।

## ক্ষতির লক্ষণ:

আক্রান্ত গাছের পাতায় সাদা ছত্রাকের জালিকা দেখা যায়। ভোর বেলায় পাতা এবং কান্ডে এক ধরণের সাদা ছত্রাক জালিকার উপস্থিতি দ্বারা সহজেই মাঠে স্টেমফাইলিয়াম ব্লাইট রোগ সনাক্ত করা যায়। দূর থেকে আক্রান্ত ফসল আগুনে ঝলমানো মনে হয়। আক্রমণের শেষ পর্যায়ে গাছ কালচে বাদামী রং ধারণ করে। আক্রান্ত গাছের উপরের দিকের পাতা ছাড়া সব পাতা ঝরে যায়।



ছবি: রোগ আক্রান্ত গাছ।

## সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা:

- ১। ফসলের পরিত্যক্ত অংশ পুড়িয়ে ফেলতে হবে।
- ২। জমিতে শস্য পর্যায় অবলম্বন করতে হবে।
- ৩। রোগমুক্ত বীজ বপন করতে হবে।
- ৪। পাতায় দাগ দেখার সাথে সাথে আইপ্রোডাইওয়ান গ্রুপের ছত্রাকনাশক রুভরাল ০.২০% হারে ১০-১২ দিন পর পর স্প্রেয়ার মেশিনের সাহায্যে জমির সমস্ত গাছে স্প্রে করতে হবে।

## আরো তথ্যেরজন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন